গাংনীর গাড়াডোবে গলায় ফাঁস দিয়ে গৃহকর্তার আত্মহত্যা

মেহেরপুরের গাংনী উপজেলার গাড়াডোব গ্রামে গলায় ফাঁস দিয়ে আতর আলী নামের একজন আত্মহত্যা করেছে বলে জানা গেছে।

মঙ্গলবার ভোরে বাড়ির খালি ঘরে সে আত্মহত্যা করে বলে পরিবারের লোকজন জানায়।

মৃত ব্যাক্তি ঐ গ্রামের মৃত আতর আলি ছেলে মোঃ আনছার আলির ছেলে। সে মেহেরপুর পল্লি বিদ্যুৎ অফিসের কর্মরত ছিল।

পারিবারের লোকজন জানান,মৃত আনছার আলি দীর্ঘদিন ধরে পেটের সমস্যায় ভুগছিল। এ সমস্যায় সে দু’বার অপারেশনও করেছিল তাছাড়া চোখের অসুখেও দু’বার অপারেশন করে।

স্থানীয়দের ধারণা সে মানসিকভারসাম্য হারিয়ে আত্মহত্যার পথ বেছে নিতে পারেন।

তবে আত্মহত্যার দু’দিন আগেও সে তার কর্মস্থলে যায় এবং তার পরের দিন বেলতলা পাড়া গ্রামের মেয়ের বাড়িতে বেড়াতেও যান। ঘটনাস্থলে পুলিশ তদন্ত করছে বলে জানা গেছে।

গাংনী থানার ওসি ওবাইদুর রহমান জানান,ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে। তদন্ত করে এ বিষয়ে পরে ব্যবস্থা নেওয়া হবে।

- গাংনী প্রতিনিধি

কুষ্টিয়ায় ট্রেন থেকে লাফিয়ে পড়ে যুবকের মৃত্যু

কুষ্টিয়ার পোড়াদহ জংশনে ট্রেন থেকে লাফিয়ে পড়ে অর্ক (২২) নামে এক যুবকের মৃত্যু হয়েছে।

গতকাল শনিবার সন্ধ্যায় পোড়াদহে এ ঘটনা ঘটেছে। পোড়াদহ জিআরপি থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) এ তথ্য নিশ্চিত করেন। নিহত অর্ক পোড়াদহ স্টেশন এলাকার পল্টুর ছেলে।

ওসি জানান, বিকাল পৌঁনে ৫টার দিকে বেনাপোল এক্সপ্রেস চলন্ত ট্রেন থেকে লাফিয়ে পড়ে অর্ক নামে এক যুবক ঘটনাস্থলেই নিহত হয়। খবর পেয়ে নিহতের লাশ উদ্ধার করা হয়েছে। পরে নিহতের লাশ পরিবারের কাছে হস্তান্তর করা হয়। এ ঘটনায় একটি অপমৃত্যু মামলা হয়েছে।

- নিজস্ব প্রতিনিধি

অস্ত্র গুলি ও ম্যাগজিন সহ গাংনীর কাফিরুল তারাগুনিয়াতে আটক

মেহেরপুরের গাংনীর কাফিরুল ইসলামকে অস্ত্র গুলি ও ম্যাগজিন সহ আটক করেছে র্যাব। শনিবার সন্ধ্যায় কুষ্টিয়ার দৌলতপুরের তারাগুনিয়া পূর্বপাড়া পল্লী বিদ্যুৎ অফিসের সামনে থেকে তাকে আটক নাটোর র্যাব-৫। গ্রেফতার কাফিরুল ইসলাম গাংনী উপজেলার সহড়াতলার আব্দুল শুকুরের ছেলে।

র্যাব-৫, রাজশাহীর অধিনায়ক (অতিরিক্ত ডিআইজি) মাহ্ফুজুর রহমান জানান, গোপন সংবাদের ভিত্তিতে র্যাব-৫ সিপিসি-২ এর একটি টিম কুষ্টিয়ার দৌলতপুর থানার তারাগুনিয়া পূর্বপাড়া পল্লী বিদ্যুৎ অফিসের সামনে অভিযান চালায়। এসময় র্যাব সদস্যরা ওই এলাকার বিভিন্ন পয়েন্টে অবস্থান নেয়। অভিযানকালে সেখানে দাঁড়িয়ে থাকা দুই ব্যক্তি র্যাবের উপস্থিতি টের পেয়ে পালিয়ে যাওয়ার চেষ্টা করে। এসময় র্যাব সদস্যরা তাদের পিছু নিয়ে কাফিরুল ইসলামকে আটক করে।

তবে এসময় কাফিরুলের এক সহযোগী পালিয়ে যেতে সক্ষম হয়। পরে কাফিরুলের কাছে থাকা প্লাস্টিকের একটি ব্যাগের ভিতর থেকে ৭টি

ওয়ান শুটার গান, ২টি বিদেশী পিন্তুল, ১৪ রাউন্ড গুলি ও ৪টি ম্যাগজিন উদ্ধার করা হয়। প্রাথমিক জিজ্ঞাসাবাদে আটককৃত কাফিরুল ইসলাম দীর্ঘদিন যাবৎ অবৈধ অস্ত্র ব্যবসার সাথে জড়িত থাকার কথা স্বীকার করেছে বলে দাবি করেছে র্যাব। আটককৃতর বিরুদ্ধে অবৈধ অস্ত্র ও বিস্ফোরক দ্রব্য বহন এবং সংরক্ষনের অভিযোগে মামলা দায়ের করে সংশ্লিষ্ট থানায় সোপর্দ করা হয়।

অপরদিকে পলাতক ব্যক্তিকে আটক করতে অভিযান অব্যাহত রয়েছে। অভিযানে অন্যানের মধ্যে উপস্থিত ছিলেন, কোম্পানী কমান্ডার সহকারী পুলিশ সুপার এস.এম জামিল আহমেদ, সিনিয়র এএসপি এনামুল করিম সহ উর্দ্ধোতন কর্মকর্তারা।
– গাংনী প্রতিনিধি

মেহেরপুরে একই দিনে ৪ জনের আত্মহত্যার চেষ্টা

মেহেরপুর জেলার বিভিন্ন গ্রামে হঠাৎ করে আত্মহত্যার প্রবণতা বৃদ্ধি পেয়েছে।
গতকাল বৃহস্পতিবার সকাল থেকে বিকেল পর্যন্ত মেহেরপুর জেলার বিভিন্ন গ্রামের ৪ জন বিভিন্ন ভাবে আত্মহত্যা করার চেষ্টা চালায়। এসমস্ত আত্মহত্যার চেষ্টাকারীর অধিকাংশ ক্ষেত্রে প্রেমে ব্যর্থ হয়ে আত্মহত্যা চেষ্টা চালায় বলে পারিবারিক ভাবে জানা যায়। গতকাল বৃহস্পতিবার যারা বিষপান ও অতিরিক্ত ঘুমের বড়ি খেয়ে আত্মহত্যার চেষ্টা চালায় তারা হলো মেহেরপুর শহরের মল্লিক পাড়ার মনির হোসেনের মেয়ে ফারজানা, শোলমারী গ্রামের ইদ্রিস আলীর মেয়ের রিশিতা খাতুন, সুবিদপুর গ্রামের সাদ্দামের মেয়ে সাথী এবং সদর উপজেলার কুতুবপুর গ্রামে বিপ্লবের স্ত্রী শারমিন।
আত্মহত্যা চেষ্টা করি ৪ জনের অবস্থা গুরুতর বলে কর্তব্যরত চিকিৎসক জানিয়েছেন।

– নিজস্ব প্রতিনিধি:

গাংনীর সাহারবাটিতে গলায় ফাঁস দিয়ে বৃদ্ধার আত্মহত্যা

মেহেরপুরের গাংনী উপজেলার সাহাবাটি গ্রামে এক বৃদ্ধা গলায় দড়ি দিয়ে আত্মহত্যা করেছে। আত্মহত্যাকারি বৃদ্ধা ফজিলা খাতুন (৭০) ঐ গ্রামের ক্লাব পাড়ার রেজাউলের স্ত্রী।

নিহতের পরিবার জানান, দীর্ঘদিন বিভিন্ন রোগে ভুগছিলেন অনেক চিকিৎসা করেও কোন প্রতিকার হয়নি। এর আগেও সে আত্মহত্যার চেষ্টা করেছিল পরিবারের লোকজন সে দফায় তাকে রক্ষা করতে পারলেও এবার সকলের চোখকে ফাঁকি দিয়ে রবিবার ভোরের দিকে গলায় দড়ি দিয়ে আত্মহত্যা করে।

গাংনী থানার ওসি ওবাইদুর রহমান জানান, এ বিষয়ে অপমৃত্যু মামলা প্রক্রিয়াধীন রয়েছে।

-গাংনী প্রতিনিধি